



ইসরায়েলে ইরানি গোয়েন্দা চক্রের সঙ্গে জড়িত দুইজন আটক



সংগৃহীত ছবি

ইরানের হয়ে গুপ্তচরবৃত্তির অভিযোগে দুই তরুণকে গ্রেপ্তার করেছে ইসরায়েলি বাহিনী। অনলাইনের মাধ্যমে ইরানি গোয়েন্দা সংস্থার সঙ্গে যোগাযোগ ও নিয়োগ কার্যক্রমে জড়িত থাকার অভিযোগও আনা হয়েছে।

সোমবার (২০ এপ্রিল) চ্যানেল ১২ ও জেরুজালেম পোস্ট জানায়, গ্রেপ্তার হওয়া দুইজন হলেন সাগি হায়েক (১৯) ও আসাফ শিতরিত (২১)। ২০২৫ সালে এ ধরনের অভিযোগে মোট গ্রেপ্তারের সংখ্যা অন্তত ২৫ জনে দাঁড়িয়েছে।

ইসরায়েলের নিরাপত্তা সংস্থা শিন বেট জানিয়েছে, সামাজিক যোগাযোগমাধ্যম ও টেলিগ্রামের মাধ্যমে ইরানি এজেন্টরা ইসরায়েলিদের টার্গেট করে অর্থের প্রলোভনে গুপ্তচর হিসেবে নিয়োগ দিচ্ছে। এর বিনিময়ে সামরিক ও সংবেদনশীল তথ্য সংগ্রহ করে ইরানে পাঠানোর অভিযোগও রয়েছে।

তদন্তে আরও বলা হয়েছে, এসব কার্যক্রমে পারিশ্রমিক হিসেবে ক্রিপ্টোকোরেসি ব্যবহার করা হচ্ছে এবং তরুণদের বেশি টার্গেট করা হচ্ছে। বিনিময়ে সামরিক ঘাঁটি, সরকারি নথি ও গুরুত্বপূর্ণ স্থাপনার ছবি-ভিডিও সংগ্রহ করে পাঠানোর নির্দেশ দেওয়া হয়।

শিন বেটের বার্ষিক প্রতিবেদনে উল্লেখ করা হয়, ২০২৫ সালে ইরানের পক্ষে মোট ১২০টি গুপ্তচরবৃত্তির চেষ্টা ব্যর্থ করা হয়েছে। সংস্থাটির দাবি, ২০২৪ সালের তুলনায় ২০২৫ সালে ইসরায়েলিদের নিয়োগের প্রচেষ্টা প্রায় ৪০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে।